



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)




স্মারক নং ৩৭.০২.০০০০.১০৪.৯৯.০২৫.২০১৫-৩৩৩

তারিখ: ১০/০৬/২০২১

**বিষয়: বি.সি.এস (সাধারণ শিক্ষা) ক্যাডারের প্রভাষক পর্যায়ের কর্মকর্তাগণের সহকারী অধ্যাপক পদে পদোন্নতির লক্ষ্যে বিষয়ভিত্তিক সংশোধিত খসড়া তালিকায় অন্তর্ভুক্ত কর্মকর্তাগণের সিনিয়র স্কেল পাশ সংক্রান্ত তথ্য প্রেরণ।**

বি.সি.এস (সাধারণ শিক্ষা) ক্যাডারের প্রভাষক পর্যায়ের কর্মকর্তাগণের সহকারী অধ্যাপক পদে পদোন্নতির লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশিত বিষয়ভিত্তিক সংশোধিত খসড়া তালিকায় অন্তর্ভুক্ত যে সকল কর্মকর্তার মন্তব্য কলামে সিনিয়র স্কেল পাশ সংক্রান্ত আপত্তি ছিল এবং ০৮/০৬/২০২১ তারিখের ৮০.১১০.০৩৮.০০.০০.০১৭.২০২১-১২৭ স্মারকে প্রকাশিত তালিকায় উত্তীর্ণ হয়েছেন সে সকল কর্মকর্তা-কে সিনিয়র স্কেল সংক্রান্ত আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে প্রামাণ্য কাগজপত্রসহ তথ্যাদি আগামী ১৫/০৬/২০২১ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর ঠিকানায় রেজিস্ট্রার ডাকযোগে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, কোভিড-১৯ মহামারীর বর্তমান পরিস্থিতিতে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে নিজে অথবা বাহক মারফত হাতে হাতে প্রেরণ না করার জন্য অনুরোধ করা হলো।

  
১০/৬/২০২১  
(মোহাম্মদ দেলোয়ার হোসেন-১৬৬৩৭)  
সহকারী পরিচালক (কলেজ-২)  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
ফোন: ৪১০৫০৬২৪

অনুলিপি:

- ১। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ২। অধ্যক্ষ/ প্রতিষ্ঠান প্রধান, সকল সরকারি কলেজ/ মাদ্রাসা-ই-আলিয়া/ সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজ/ এনসিটিবি/ সকল বোর্ড/ ডিআইএ/ নায়েম/ এইচএসটিটিআই/বিএমটিটিআই এবং সংশ্লিষ্ট সকল অফিস প্রধানকে তাঁর দপ্তরে কর্মরত বি.সি.এস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাগণ-কে বিষয়টি অবহিতকরণের অনুরোধসহ। উল্লেখ্য যে, তালিকার অন্তর্ভুক্ত কোন কর্মকর্তা মৃত্যুবরণ করলে এবং চাকুরী হতে অব্যাহতি পেলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান বিষয়টি অত্র অধিদপ্তর-কে অবহিত করবেন।
- ৩। সংরক্ষণ নথি।